

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
Website: www.dgfood.gov.bd

পত্র নম্বর ১৩.০১.০০০০.০৯১.৪৫.০০৫.১৬.১১৫(৭)

তারিখঃ ১৭/০১/২০১৮ খ্রি:।

বিষয়ঃ চলতি আমন সংগ্রহ ২০১৭-২০১৮ মৌসুমে সিদ্ধ চালের নির্ধারিত লক্ষ্যমাত্রার অতিরিক্ত ১,৫০,০০০ মে: টন এর বিভাগভিত্তিক লক্ষ্যমাত্রা প্রদান প্রসংগে।

সূত্রঃ সংগ্রহ বিভাগের স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৫.০০৫.১৬.৩৬০৮(৭), তারিখ: ০৩/১২/২০১৭ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সূত্রে বর্ণিত স্মারকে চলতি অভ্যন্তরীণ আমন সংগ্রহ ২০১৭-২০১৮ এর আওতায় ৩,০০,০০০ মে: টন সিদ্ধ চালের উপজেলাওয়ারী বিভাজন প্রেরণ করা হয়েছিল। সে অনুযায়ী বর্তমান আমন সিদ্ধ চাল ক্রয়ের কার্যক্রম চলমান আছে। ইতোমধ্যে মাঠ পর্যায় থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী সারাদেশের চালকল মালিকদের অনুকূলে ৩,৯৫,০৩৮ মে: টন চালের বরাদ্দ প্রদান করা হয়েছে। নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী অতিরিক্ত (৩০০০০০-৩৯৫০৩৮) = ৯৫০৩৮ মে: টন বেশি চালের বরাদ্দ প্রদান করা হয়েছে। এক্ষেত্রে অতিরিক্ত বরাদ্দকৃত চাল সমন্বয়ের লক্ষ্যে ১,৫০,০০০ মে: টন অতিরিক্ত চাল ক্রয়ের লক্ষ্যমাত্রা ভূতাপেক্ষ অনুমোদন প্রদান করা হলো। নিম্নে অতিরিক্ত ১,৫০,০০০ লাখ মে: টন চালের বিভাগভিত্তিক পরিমাণ প্রদত্ত হলোঃ

| ক্র: নং | বিভাগ | আমন সিদ্ধচালের মূল লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | সর্বমোট স্থিরকৃত লক্ষ্যমাত্রা | মন্তব্য |
|-----------|-----------|------------------------------------|-------------------------|----------------------------------|---------|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ (৩+৪) | ৬ |
| ১. | রাজশাহী | ৭৬৫৩৬ | ৫১০০০ | ১২৭৫৩৬ | |
| ২. | রংপুর | ১২১৪৩৮ | ৫০০০০ | ১৭১৪৩৮ | |
| ৩. | ঢাকা | ৬২১৩৫ | ১২০০০ | ৭৪১৩৫ | |
| ৪. | খুলনা | ৩০৯৭১ | ১৫০০০ | ৪৫৯৭১ | |
| ৫. | চট্টগ্রাম | ৬৩১৪ | ৮০০০ | ১৪৩১৪ | |
| ৬. | সিলেট | ১২২৩ | ০ | ১২২৩ | |
| ৭. | বরিশাল | ১৩৮৩ | ১৪০০০ | ১৫৩৮৩ | |
| সর্বমোট = | | ৩০০০০০ | ১৫০০০০ | ৪৫০০০০ | |


এক্ষণে সংগ্রহ নীতিমালা ২০১০ ও সূত্রস্থ স্মারকে জারীকৃত নির্দেশনা অনুসরণে সংগ্রহের সম্ভাবনার আলোকে উপরে বর্ণিত ছকের ৪নং কলামে প্রদর্শিত স্ব স্ব বিভাগের সংশোধিত লক্ষ্যমাত্রার চাল সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।

প্রাপকঃ আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,
ঢাকা/রাজশাহী/রংপুর/খুলনা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল

মোঃ বদরুল হাসান
মহাপরিচালক
সংগ্রহ বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

অনুলিপিঃ

- ১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সদয় অবগতির জন্য।
- ২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা। সদয় অবগতির জন্য।
- ৩। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা। সদয় অবগতির জন্য।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা সদয় অবগতির জন্য।
- ৫। সকল পরিচালক.....খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৬। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী/অগ্রণী/জনতা/কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী। সংশ্লিষ্ট শাখা ব্যাংক সমূহকে প্রয়োজনীয় নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হলো।
- ৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৮। অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা। উপর্যুক্ত বার্তাটি ও সংযুক্ত বিভাজন জরুরী ভিত্তিতে সকল আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, দপ্তরে ফ্যাক্স করার জন্য অনুরোধ করা হলো।
- ৯। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। উপর্যুক্ত বার্তাটি ও সংযুক্ত বিভাজন জরুরী ভিত্তিতে খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।


পরিচালক

সংগ্রহ বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।